

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি শাখা-৩  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

নং- ৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০২.১৮- ২১৮

তারিখঃ ২০ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ  
মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ  
০৩ এপ্রিল,


প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজ এর জুনিয়র ইনস্ট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব মো: ওমর ফারুক গত ২৯/০৮/২০১৫ তারিখ থেকে ১৬/১২/২০১৭ তারিখ পর্যন্ত মোট ৮৩৭ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ০২/২০১৮ দায়ের করা হয়। অতঃপর বর্ণিত অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে জনাব মো: ওমর ফারুক বরাবর প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে জনাব মো: ওমর ফারুক লিখিত বক্তব্য পেশ করে ব্যক্তিগত শুনানীর আবেদন করেন। গত ১২/১১/২০১৮ তারিখে উক্ত বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানীঅন্তে জনাব মো: ওমর ফারুক কর্তৃক দাখিলকৃত জবাব ও প্রমাণপত্রের সঠিকতা নিরূপণপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়। সে পরিপ্রেক্ষিতে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর প্রতিবেদন দাখিল করেন।

০২। প্রতিবেদনে দেখা যায়, জনাব মো: ওমর ফারুক ১৭/১২/২০১৭ খ্রি: তারিখে কর্মস্থলে যোগদান করে সঠিকভাবে তার দায়িত্ব পালন করছেন। ডাক্তারি সনদ পর্যালোচনায় দেখা যায় যে, তিনি মানসিকভাবে অসুস্থ ছিলেন এবং তার দাখিলকৃত ডাক্তারি সনদ সঠিক।

০৩। এমতাবস্থায়,যেহেতু জনাব মো: ওমর ফারুক গত ২৯/০৮/২০১৫ তারিখ থেকে ১৬/১২/২০১৭ তারিখ পর্যন্ত মোট ৮৩৭ দিন মানসিক অসুস্থতার কারণে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। যেহেতু, তিনি বর্তমানে কর্মস্থলে যোগদান করে সঠিকভাবে দায়িত্ব পালন করছেন। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ক) অনুযায়ী জনাব মো: ওমর ফারুক, জুনিয়র ইনস্ট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স), মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজ-কে ৮৩৭ দিনের অসাধারণ ছুটি মঞ্জুর করত: বিভাগীয় মামলার অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ আলমগীর)

সচিব

ফোন: ৯৫৮২২২১

ই-মেইল: [secretary@tmed.gov.bd](mailto:secretary@tmed.gov.bd)


নং- ৫৭.০০.০০০০.০৫৩.০৪.০০২.১৮- ২১৮

তারিখঃ ২০ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ  
মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ  
০৩ এপ্রিল,

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব মো: ওমর ফারুক এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫-পুরানা পল্টন, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অধ্যক্ষ, মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাইজদী, নোয়াখালী।
- ৮। জনাব মো: ওমর ফারুক, জুনিয়র ইনস্ট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স), মাইজদী টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাইজদী, নোয়াখালী।
- ৯। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, নোয়াখালী।

  
সাহেলা আক্তার  
উপসচিব (কারিগরি-৩)